# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৬৮

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ কুর'আন পাঠকারী মু'মিন ও পাপিষ্ঠ ব্যক্তির বিবরণ সম্পর্কে হাদীস

## ذِكْرُ الْإِخْبَارِ عَنْ وَصْفِ الْمُؤْمِنِ وَالْفَاجِرِ إِذَا قرآ القرآن

আরবী

768 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ الضَّرِيرِ حَدَّثَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ عَنْ قَتَادَةَ عَنْ أنس عَنْ أَبِي مُوسَى قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَثَلُ الْمُؤْمِنِ الَّذِي يَقْرَأُ الْقُرْآنَ مَثَلُ الْأُتْرُجَّةِ طَعْمُهَا طيّب وَرِيحُهَا طيّب وَمَثَلُ الْمُؤْمِنِ الَّذِي لَا يَقْرَأُ الْقُرْآنَ مَثَلُ التَّمْرَةِ طَعْمُهَا طَيِّبٌ وَلَا رِيحَ لَهَا وَمَثَلُ الْمُنَافِقِ أَوِ الْفَاجِرِ الَّذِي يَقْرَأُ الْقُرْآنَ مَثَلُ الرَّيْحَانَةِ رِيحُهَا طَيِّبٌ وَطَعْمُهَا مُرٌّ وَمَثَلُ الْمُنَافِقِ أَوِ الْفَاجِرِ الَّذِي لَا يَقْرَأُ الْقُرْآنَ كَمَثَلِ الْحَنْظَلَةِ طَعْمُهَا مُرٌّ وَلَا رِيحَ لَهَا)
الراوي : أبو مُوسَى | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 768 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৭৬৮. আবু মুসা আশ'আরী রাদ্বিয়াল্লাহু তা'আলা থেকে বর্ণিত, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেন, তিনি বলেন, "ঐ মু'মিন ব্যক্তি, যিনি কুরআন পড়েন, তার দৃষ্টান্ত হলো কমলা লেবুর মত; যা খেতেও সুস্বাদু, ঘ্রাণও সুন্দর। ঐ মু'মিন ব্যক্তি, যিনি কুরআন পড়েন না, তার দৃষ্টান্ত হলো খেজুরের মত; যা খেতে মিষ্টি কিন্তু তাতে কোন ঘ্রাণ নেই। পাপী ব্যক্তি অথবা (রাবীর সন্দেহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) মুনাফিক ব্যক্তি, যে কুর'আন পড়ে, তার দৃষ্টান্ত হলো পুদিনা গুল্মের মত; যার ঘ্রাণ সুন্দর কিন্তু খেতে বিস্বাদ। পাপী ব্যক্তি অথবা (রাবীর সন্দেহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন), যে কুর'আন পড়ে না, তার দৃষ্টান্ত হলো তিক্ত শশার মত; যার কোন ঘ্রাণ নেই, আর খেতেও তিক্ত।"[1]

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৫০২০; সহীহ মুসলিম: ৭৯৭; আবু দাউদ: ৪৮৩০; তিরমিযী: ২৮৬৫; ইবনু মাজাহ: ২১৪; শারহুস সুন্নাহ: ১১৭৫।

আল্লামা শুআইব আল আরনাঊত হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩২১৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89271

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন